Office of the Registrar
Aviation and Aerospace University, Bangladesh
Old Airport, Tejgaon, Dhaka-1215
Exchange:55060000, Ext: 5099
E-mail: admission@aaub.edu.bd

রেজিস্ট্রার দপ্তর
অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫
এক্সচেঞ্জঃ ৫৫০৬০০০০ সম্প্রঃ ৫০৯৯
ই-মেইল: admission@aaub.edu.bd

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

(শুধুমাত্র বাংলাদেশী নাগরিকদের জন্য)

অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ০২ (দুই) বছর মেয়াদী স্নাতকোত্তর শ্রেণিতে নিম্নে বর্ণিত বিভাগ সমূহে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবেঃ

স্নাতকোত্তর প্রোগ্রামসমূহের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

১। অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ:

ক। এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং **খ। এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং**

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের (ইউজিসি কর্তৃক স্বীকৃত) পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে (গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নসহ) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(৩) ইউজিসি স্বীকৃত ও অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল *সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা স্নাতকোত্তরসহ ০৩ বছরের স্নাতক ডিগ্রী (বিএসসি অ্যারোনটিক্স/*সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং/ব্যাচেলর অব টেকনোলজি/ব্যাচেলর অব ইঞ্জিনিয়ারিং)। উল্লেখিত বিএসসি ডিগ্রীতে কমপক্ষে ২য় শ্রেণি অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.২৫ অথবা ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ২.৭৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

ক্র.নং	প্রোগ্রামের নাম	সংশ্লিষ্ট স্নাতক প্রকৌশল বিষয়সমূহ
ক।	Master of Science in Satellite Communication Engineering (M. Sc Engg)	EEE/ECE/ETE/CSE/ICE/ICT/EECE/AME(Aerospace)/ AME(Avionics)/অ্যারোনটিক্যাল/অ্যাভিওনিক্স/মেকাট্রনিক্স/সফটওয়্যার/ বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং
	Master of Satellite Communication Engineering (M. Engg)	
খ।	Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)	মেকানিক্যাল/অ্যারোস্পেস/অ্যারোনটিক্যাল/IPE/মেটালার্জি/AME(Aerospace)/ AME(Avionics)/মেকাট্রনিক্স/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
	Master of Space Systems Engineering (M. Engg)	

২। অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট অনুষদ:

ক। এমবিএ ইন অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের (ইউজিসি কর্তৃক স্বীকৃত) পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(৩) ইউজিসি স্বীকৃত ও অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে ০৪ (চার) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা স্নাতকোত্তরসহ ০২ (দুই) অথবা ০৩ (তিন) বছরের স্নাতক ডিগ্রী। উল্লেখ্য, স্নাতক(সম্মান)/স্নাতক ডিগ্রীতে কমপক্ষে ২য় শ্রেণি অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ অথবা ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(৪) **চাকুরীর অভিজ্ঞতার বিবরণঃ** অ্যাভিয়েশন সেক্টরে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে ভর্তির ক্ষেত্রে প্রাধান্য দেয়া হবে।

৩। অ্যাভিয়েশন স্ট্যান্ডার্ডাইজেশন, রেগুলেশন্স অ্যান্ড সেফটি অনুষদ:

ক। এমএসসি ইন অ্যাভিয়েশন সেফটি অ্যান্ড অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমূল্য দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২)মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমূল্য দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে (গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নসহ) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের (ইউজিসি কর্তৃক স্বীকৃত) পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(৩) ইউজিসি স্বীকৃত ও অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগের যেকোন বিষয়ে কমপক্ষে ০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা স্নাতকোত্তরসহ ০৩ (তিন) বছরের স্নাতক ডিগ্রী/ প্রকৌশল বিভাগের যেকোন বিষয়ে ০৪ (চার) বছরের বিএসসি ডিগ্রী থাকতে হবে। উল্লেখিত বিএসসি ডিগ্রীতে কমপক্ষে ২য় শ্রেণি অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.২৫ অথবা ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ২.৭৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(৪) **চাকুরীর অভিজ্ঞতার বিবরণঃ** অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন/ ইন্ডাস্ট্রিয়াল সেফটি/অ্যাভিয়েশন সেফটি এবং অ্যাভিয়েশন সেক্টরে কাজের অভিজ্ঞতাকে ভর্তির ক্ষেত্রে প্রাধান্য দেয়া হবে।

খ। এলএলএম ইন ইন্টারন্যাশনাল এয়ার অ্যান্ড স্পেস 'ল'

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের (ইউজিসি কর্তৃক স্বীকৃত) পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(৩) ইউজিসি স্বীকৃত ও অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে ০৩/০৪(তিন/চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা স্বীকৃত কলেজ থেকে ০২ (দুই) বছরের (এলএলবি পাস কোর্স) স্নাতক ডিগ্রী। উল্লেখ্য, স্নাতক ডিগ্রীতে কমপক্ষে ২য় শ্রেণি অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ অথবা ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ চাকুরীরত প্রার্থীদের স্নাতকোত্তর প্রোগ্রামসমূহে ভর্তির ক্ষেত্রে ভর্তির সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (NOC) জমাদান বাধ্যতামূলক।

ভর্তি পরীক্ষা পদ্ধতি	পরীক্ষার পদ্ধতিঃ নৈর্ব্যক্তিক (৩০), বর্ণনামূলক (৫০) ও অ্যানালাইটিক দক্ষতা (২০)। সময়ঃ ২ (দুই) ঘণ্টা।
অনলাইন আবেদনের সময়সীমা	১৪ নভেম্বর ২০২৬ তারিখ দুপুর ১২০০ ঘটিকা হতে ২৯ নভেম্বর ২০২৬ তারিখ রাত ২৩৫৯ ঘটিকা পর্যন্ত।
Admit Card উত্তোলনের সময়সীমা	৩০ নভেম্বর ২০২৬ তারিখ দুপুর ১৪০০ ঘটিকা হতে ০৪ ডিসেম্বর ২০২৬ তারিখ সকাল ০৯০০ ঘটিকা পর্যন্ত।
ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	০৪ ডিসেম্বর ২০২৬ তারিখ সকাল ১০০০ ঘটিকা হতে দুপুর ১২০০ ঘটিকা পর্যন্ত।
আবেদন ফি	স্নাতকোত্তর প্রোগ্রামসমূহে ভর্তির জন্য আবেদন ফরমের সর্বমোট ফি ১০০০ (এক হাজার) টাকা (২৯ নভেম্বর ২০২৬ তারিখ রাত ২৩৫৯ ঘটিকার মধ্যে) পরিশোধ করতে হবে।
আবেদন পদ্ধতি	**আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.aaub.edu.bd) প্রবেশ করার পর সেখানে প্রাপ্ত নির্দেশনাবলী অনুসরণ করে আবেদন করতে হবে।**
ভর্তি পরীক্ষার কেন্দ্র	বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস।
প্রোগ্রাম ও ভর্তি সম্পর্কিত তথ্যের জন্য	প্রোগ্রাম সম্পর্কিত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.aaub.edu.bd) পাওয়া যাবে। এছাড়া, জরুরী প্রয়োজনে মোবাইল- ০১৭৬৯৯৯৫০৯৯ (রেজিস্ট্রার অফিস) ও ই-মেইল admission@aaub.edu.bd-এ যোগাযোগ করতে অনুরোধ করা হলো।
বিশেষ দ্রষ্টব্য	**প্রোগ্রাম ও ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য মোবাইল নম্বর সকাল ০৯০০ ঘটিকা হতে বিকাল ১৭০০ ঘটিকা পর্যন্ত চালু থাকবে।**